

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬১০

৬/ সফর (أُبْوَابُ السَّفَر)

পরিচ্ছেদঃ দুগ্ধপোষ্য ছেলের পেশাব (পাক করার জন্য) পানি ছিঁটিয়ে দেওয়া।

باب مَا ذُكِرَ فِي نَضْحِ بَوْلِ الْغُلاَمِ الرَّضِيع

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ، حَدَّثَنِي أَبِي، عَنْ قَتَادَةَ، عَنْ أَبِي حَرْبِ بْنِ أَبِي طَالِبٍ، رضى الله عَنْهُ أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم قَالَ فِي بَوْلِ الْغُلاَمِ الرَّضِيعِ " يُنْضَحُ بَوْلُ الْغُلاَمِ وَيُغْسَلُ بَوْلُ الْجَارِيَةِ " . عليه وسلم قَالَ فِي بَوْلِ الْغُلامِ الرَّضِيعِ " يُنْضَحُ بَوْلُ الْغُلامِ وَيُغْسَلُ بَوْلُ الْجَارِيَةِ " . قَالَ قَتَادَةُ وَهَذَا مَا لَمْ يَطْعَمَا فَإِذَا طَعِمَا غُسِلاَ جَمِيعًا . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ وَلَا الْحَدِيثَ عَنْ قَتَادَةَ وَأَوْقَفَهُ سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَة وَلَمْ يُرْفَعْهُ .

বাংলা

৬১০. মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) আলী ইবনু আবী তালিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুগ্ধপোষ্য শিশুর প্রস্রাব (পাক করা) সম্পর্কে বলেছেনঃ ছেলে শিশুর প্রস্রাবে পানি ছিটিয়ে দেওয়া হবে আর মেয়ে শিশুদের প্রস্রাব ধুতে হবে। কাতাদা রাদিয়াল্লাহু আনহ বলেনঃ এই পার্থক্য বিবেচ্য হবে যতদিন তারা (প্রচলিত) খাদ্য প্রহণের উপযুক্ত না হবে, ততদিন। আর যখন তারা খাদ্য গ্রহণযোগ্য হয়ে যাবে, তখন উভয়ের প্রস্রাবই ধুতে হবে। - ইবনু মাজাহ ৫২৫, তিরমিজী হাদিস নম্বরঃ ৬১০ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-সহীহ। কাতাদা (রহঃ) সূত্রে রাবী হিশাম আদ্দাস্তাওয়াঈ এটিকে মারফূ' হিসাবে এবং তাঁরই সুত্রে সাঈদ ইবনু আবী আরুবা মওকূফ হিসাবে রিওয়ায়াত করেছেন। পরবর্তীজন মারফু'রূপে বর্ণনা করেননি।

English

Ali bin Abi Talib (may Allah be pleased with him) narrated that: the Messenger of Allah said, about urine of a male child that suckles: "The



urine of the boy is sprinkled, and the girl's urine is washed." Qatadah (one of the narrators) said: "This is so, as long as they do not eat, when they eat, then both of them are washed."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন